



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

রহমানস্ রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	সর্বসাকুল্যে বেতন-ভাতা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও কর্মস্থল
০১।	সহকারী বাবুর্চি পদের সংখ্যা : ০১ জন	২৩,৪৫০/-	অনূর্ধ্ব ৩২ বৎসর।	ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাশ।	১। এককভাবে বাবুর্চির অনুপস্থিতিতে রান্না করা এবং পরিবেশনায় সক্ষম। ২। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। ৩। কর্মস্থল: কুয়াকাটা/কক্সবাজার।

- আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রের সহিত জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি, অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি আগামী ১৪/০৩/২০১৯ তারিখ অপরাহ্ন ৫:০০ ঘটিকার মধ্যে উপরোল্লিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারীর তারিখ পর্যন্ত গণনা করা হবে। প্রার্থীত পদের নাম খামের উপরে লিপিবদ্ধ করতে হবে।
- আবেদনপত্রের সহিত উল্লিখিত পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড” এর অনুকূলে প্রদান করতে হবে।
- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোম্পানীর ওয়েবসাইট (www.bsccl.com) হতে Standard CV Format ডাউনলোড করা যাবে।

তারিখ : ১৮/০২/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত
ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড
ফোন : ৮৮৭৯১৯২।

